# শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং- ১৪, তারিখঃ ১৩/০৩/১৯৭৪খ্রিঃ

ঠিকানা ঃ গ্রামঃ শ্রীনগর, ডাকঃ শ্রীনগর, উপজেলাঃ শ্রীনগর, জেলাঃ মুন্সীগঞ্জ।

এতদ্বারা শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ মহোদয়ের আদেশ নং- ৮৩২, তারিখঃ ১৪/০৮/২০২৩খ্রিঃ মূলে সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৬ (২) বিধি মোতাবেক নির্বাচন কমিটি গঠন করা হয়েছে। নির্বাচন কমিটির ২৪/০৮/২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর আগামী ০৫/১০/২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্প্রতিবার সকাল ১০ ঘটিকা হতে বিরতিহীনভাবে দুপুর ০১ ঘটিকা পর্যন্ত শ্রীনগর উপজেলার পল্লী ভবনের প্রশিক্ষণ হলরুমে সদস্যদের ভোটে ব্যবস্থাপনা কমিটির ১ (এক) জন সভাপতি, ১ (এক) জন সহ-সভাপতি, প্রতি ব্লক হতে ০১ জন করে মোট ৬ (ছয়) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সর্বমোট ০৮ (আট) টি পদে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে নির্বাচন তফসিল ঘোষনা করা হ'ল। নির্বাচন সংক্রান্ত অন্যান্য তথ্য নির্বাচন কমিটির নিকট থেকে জানা যাবে।

## -ঃ নির্বাচনী তফসিল ঃ-

| ক্রঃ নং | বিষয় | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১। | মনোনয়নপত্র বিতরণ | ০৫/০৯/২০২৩খ্রিঃ ও ০৭/০৯/২০২৩খ্রিঃ | প্রতিদিন সকাল ১১ টা হতে দুপুর ০১ টা | শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর নিবন্ধিত কার্যালয়। |
| ২। | মনোনয়পত্র জমা/দাখিল | ১৩/০৯/২০২৩খ্রিঃ | সকাল ১১ টা হতে দুপুর ২ টা | ঐ |
| ৩। | মনোনয়নপত্র বাছাই ও বাছাইয়ের ফলাফলসহ প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ।<br>(প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ১৪/০৯/২০২৩খ্রিঃ | দুপুর ০১টা | ঐ |
| ৪। | বৈধ/বাতিলকৃত মনোনয়নপত্রের ব্যাপারে আপিল দাখিল। | ১৭/০৯/২০২৩ খ্রিঃ ও ১৮/০৯/২০২৩খ্রিঃ | সকাল ০৯ টা হইতে বিকাল ০৪ টা | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা। সমবায় ভবন (৩য় তলা), আগারগাঁও, ঢাকা। |
| ৫। | আপীলের শুনানী গ্রহণ। | ১৯/০৯/২০২৩খ্রিঃ<br>২০/০৯/২০২৩খ্রিঃ<br>২১/০৯/২০২৩খ্রিঃ | আপিল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৬। | আপিলের রায় ঘোষণা | ২১/০৯/২০২৩খ্রিঃ | শুনানীর পরপরই | ঐ |
| ৭। | আপিল সমাপ্তে বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ২১/০৯/২০২৩খ্রিঃ | দুপুর ০২টা | শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর নিবন্ধিত কার্যালয়। |
| ৮। | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ২৪/০৯/২০২৩খ্রিঃ | সকাল ১১ টা হইতে দুপুর ০২ টা পর্যন্ত | ঐ |
| ৯। | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও চূড়ান্ত তালিকা প্রকাশ | ২৫/০৯/২০২৩খ্রিঃ | দুপুর ০২টা | ঐ |
| ১০। | একক প্রার্থীর তালিকা প্রকাশ<br>(কোন পদে অতিরিক্ত প্রার্থী না থাকলে) | ২৬/০৯/২০২৩খ্রিঃ | দুপুর ০২টা | ঐ |
| ১১। | ভোটগ্রহণ। | ০৫/১০/২০২৩খ্রিঃ | সকাল ১০টা হইতে দুপুর ০১ টা পর্যন্ত | ঐ |
| ১২। | ভোট গণনা | ০৫/১০/২০২৩খ্রিঃ | ভোটগ্রহণের পরপরই | ঐ |
| ১৩। | ফলাফল ঘোষণা | ০৫/১০/২০২৩খ্রিঃ | ভোট গণনার পরপরই | ঐ |

## নির্বাচনের প্রতীক সমূহ ঃ

ক) সভাপতি পদের জন্য ঃ আম, ছাতা, চেয়ার, আনারস, দেয়াল ঘড়ি।
খ) সহ-সভাপতি পদের জন্য ঃ গোলাপফুল, মোরগ, রিক্সা, মাছ, উড়োজাহাজ ।
গ) ব্যবস্থাপনা কমিটির সদস্য পদের জন্য ঃ খেজুর গাছ, আপেল, কলস, ফুটবল, হাত পাখা, সিলিং ফ্যান, টেলিভিশন, তালাচাবি, মই, জগ, মগ, কলম, বালতি।

## জ্ঞাতব্য বিষয় সমূহ ঃ

১. নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণ করতঃ সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়ন ও উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতি স্বাক্ষর গ্রহণ পূর্বক দাখিল করতে হবে।
২. নির্বাচনে প্রতিদ্বন্দিতা বা ভোট প্রদানের জন্য স্ব স্ব সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত (রেজুলেশন) ও সদস্যের পরিচয় পত্রের ফরম ৮ (বিধি-৩৩(২) মোতাবেক যথাযথভাবে পূরণ করে স্ব স্ব সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সীলমোহরযুক্ত স্বাক্ষরিত এবং জেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ বা উপজেলা সমবায় অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর সীলমোহরসহ প্রতিস্বাক্ষরিত পরিচয়পত্র মনোনয়নপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
৩. নির্বাচনে প্রতিদ্বন্দি প্রার্থীগণ সমবায় সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩) এর ১৯ ধারা ও সমবায় সমিতি বিধিমালা-২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্যতা নির্ধারিত হবে।
৪. একই পদে একাধিক প্রার্থী না থাকলে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৩২ বিধিমতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হবে।
৫. চূড়ান্ত প্রার্থী নির্ধারীত হওয়ার পর প্রতীক বরাদ্দ করা হবে। প্রতিদ্বন্দি প্রার্থীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা যাবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করা হবে।
৬. ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪-এর ৮৮ বিধি অনুসরণ করতে হবে।
৭. মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে। ছবি সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং উপজেলা/জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতি স্বাক্ষরিত হতে হবে।
৮. প্রতিদ্বন্দি প্রার্থীর সংখ্যা অত্র তফসিলে বর্ণিত প্রতিক সংখ্যার অধিক হলে নির্বাচন কমিটি অতিরিক্ত প্রতিক বরাদ্দ করতে পারবে।
৯. ব্যবস্থাপনা কমিটির প্রদত্ত সিদ্ধান্ত মোতাবেক সভাপতি পদে, সহ-সভাপতি পদে ও সদস্য পদে মনোনয়ন পত্রের ফি সমিতির রশিদের মাধ্যমে জমা করতঃ মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে। রশিদের কপি মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
১০. অসম্পূর্ণ, ত্রুটি পূর্ণ কিংবা ভুল তথ্য ও ঘষামাজা সম্বলিত মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।
১১. এক জন প্রার্থী একের অধিক মনোনয়ন পত্র দাখিল করলে তাঁর দাখিলকৃত সকল মনোনয়ন পত্র বাতিল করা হবে।
১২. নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হবে।

২৪/৮/২৩
(দীনেশ চন্দ্র তালুকদার)
সদস্য
নির্বাচন কমিটি
শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
ও
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

২৪/৮/২৩
(মোঃ আলী হোসেন পাঠান)
সদস্য
নির্বাচন কমিটি
শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়,মুন্সীগঞ্জ।

২৪/৮/২৩
(আনিছা খাতুন)
সভাপতি
নির্বাচন কমিটি
শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ১ (০৯)

তারিখঃ ২৪/০৮/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

০১। সভাপতি/সদস্য সচিব, শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, তাকেঁ নির্বাচনী তফশিলটি সদস্যদের মধ্যে ব্যাপক প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি স্থানীয় দৈনিক পত্রিকায় তফশিলটি প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
০২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শ্রীনগর উপজেলা, মুন্সীগঞ্জ।
০৩। উপজেলা সমবায় অফিসার, শ্রীনগর উপজেলা, মুন্সীগঞ্জ।
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শ্রীনগর থানা, মুন্সীগঞ্জ।
০৫। উপ-পরিচালক, বিআরডিবি, মুন্সীগঞ্জ।
০৬। জেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
০৮। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৯। সমিতির নোটিশ বোর্ড।

২৪/৮/২৩
(আনিছা খাতুন)
সভাপতি
নির্বাচন কমিটি
শ্রীনগর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার
শ্রীনগর, মুন্সীগঞ্জ।